



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৭জি-৪৬২(ক-৩)/০৬(অংশ-১)/৬৩১৪/৬

তারিখ : ০২/০১/২০২৪ খ্রি.

বিষয় : কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র : (১) আঞ্চলিক পরিচালক বরিশাল এর স্মারক নং : মাউশি/বরি/২০২১/৩৬৩ তারিখ: ২৩/০৯/২০২১ খ্রি.

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৭জি-৪৬২(ক-৩)/২০০৬(অংশ-১)/১০৫৬/৪; তারিখ: ০৬/০৪/২০২২ খ্রি.

(৩) তদন্ত কর্মকর্তার ২৩/০২/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন

(৪) ফেব্রুয়ারি/২০২২ মাসের এম.পি.ও কমিটির সভার সিদ্ধান্তের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৭.৯৯.২৬৭.২০১৮.২৪৪; তারিখ: ২৪/০২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্র (১) নং স্মারক মোতাবেক পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজের ডিগ্রি স্তরের বিভিন্ন বিষয়ের প্রভাষক নিয়োগ প্রক্রিয়ার সঠিকতা এবং প্রাপ্যতাসহ বিভিন্ন অভিযোগের বিষয়ে পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল পত্র প্রেরণ করেন।

বর্ণিত বিষয়ের সূত্র (৪) নং স্মারক মোতাবেক ফেব্রুয়ারি/২০২২ মাসের এমপিও বিশেষ সভায় উপস্থাপন করা হয়। “কমিটির সুপারিশ: পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলাধীন সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজের ডিগ্রি স্তরের ৩ জন শিক্ষকের এমপিওভুক্তির বিষয়ে মাউশি অধিদপ্তর থেকে একজন পরিচালক, একজন সহকারী পরিচালক, একজন শিক্ষা অফিসার (আইন) নিয়ে গঠিত কমিটি কর্তৃক সার্বিক বিষয়ে তদন্তের পর তদন্ত প্রতিবেদনসহ পরবর্তী এমপিও সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।”

এর প্রেক্ষিতে সূত্র (২) নং স্মারক মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন করা হয়। তদন্ত কর্মকর্তাগণ ২৩/০২/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন মাউশি অধিদপ্তরে প্রেরণ করেন।

পরবর্তীতে মাউশি অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখার ০৮/১১/২০২৩ খ্রি. তারিখে শুনানি গ্রহণ করা হয়।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত এবং শুনানির প্রেক্ষিতে (ক) জনাব মোসা. সালমা বেগম, প্রভাষক, ইসলাম শিক্ষা, সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী এর নিয়োগে অধ্যক্ষের বক্তব্য অনুযায়ী ডিজির প্রতিনিধির কপি নেই এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধির কপি নেই, নিয়োগ সংক্রান্ত আনুষ্ঠানিক কাগজপত্র প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ও জনাব সালমা বেগম কেউই দাখিল করতে পারেননি বিধায় তার নিয়োগ বিধিসম্মত না হওয়ায় জনাব মোসা. সালমা বেগম, প্রভাষক, ইসলাম শিক্ষা এর নিয়োগ কেন বাতিল করা হবে না মর্মে তাকে

(খ) জনাব দিলরুবা, প্রভাষক অর্থনীতি, সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী স্বেচ্ছায় পদত্যাগ করেন যা ১৩/১০/২০১৭ খ্রি. তারিখে গভর্নিংবডির সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে তাকে পুনর্বহাল করা হয় যা বিধিসম্মত না হওয়ায় তার নিয়োগ কেন বাতিল করা হবে না মর্মে জনাব দিলরুবা, প্রভাষক অর্থনীতিকে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

১। জনাব মোসা. সালমা বেগম, প্রভাষক, ইসলাম শিক্ষা, সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

২। জনাব দিলরুবা, প্রভাষক অর্থনীতি, সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;

২। সভাপতি, পরিচালনা পরিষদ, সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (মতমতা প্রদানের অনুরোধসহ)।

৩। অধ্যক্ষ, সুবিদ্যালী মহিলা ডিগ্রি কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী (ব্যখ্যা প্রদানের অনুরোধসহ)।

৪। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী (পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানে পৌঁছানোর অনুরোধসহ)।

৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস, মাউশি অধিদপ্তর (পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬। সংরক্ষণ নথি।